গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................................ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ............................ ১৮

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন:**

বাংলাদেশ সরকারের ঘোষিত রূপকল্প-২০২১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে উন্নীত করার লক্ষ্যে আইসিটি বিভাগ কানেকটিভিটি স্থাপন, মানবসম্পদ উন্নয়ন এবং সর্বক্ষেত্রে আইসিটি'র ব্যবহারসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। ইতোমধ্যে জাতীয় ও আন্তর্জাতিকভাবে আইসিটি বিভাগের কার্যক্রম প্রশংসিত হয়েছে। নির্দিষ্ট সময়ের পূর্বেই মন্ত্রণালয়/বিভাগ হতে জেলা/উপজেলা পর্যন্ত কানেক্টিভিটি স্থাপন করা হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে ১২৯১০ টি অফিসে কানেক্টিভিটি স্থাপন করা হয়েছে। বাংলাদেশ সচিবালয়ে wi-fi চালু করা হয়েছে। আইসিটি সেক্টরে দক্ষতা বৃদ্ধির জন্য ৮৫,০০০ প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সাসেক ইনফরমেশন হাইওয়ের সাথে কানেকটিভিটি স্থাপনের লক্ষ্যে বাংলাবান্দা পর্যন্ত অপটিক্যাল ফাইবার স্থাপন করা হয়েছে। সাইবার নিরাপত্তা সেল স্থাপন করা হয়েছে। ইলেক্ট্রনিক নথি ব্যবস্থাপনার জন্য ৪৮,০০০টি ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণ ও ৮০০০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নানা উদ্যোগ বাস্তবায়িত হওয়ার মাধ্যমে গ্রামীণ সমাজের প্রান্তিক জনগোষ্ঠী পর্যন্ত প্রায় ৭০ ধরণের বহুমুখী সেবা দেয়া হচ্ছে। এ সকল কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে সেবা প্রদানে আমূল পরিবর্তন এসেছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বহুমুখী ব্যবহারের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশের আন্তর্জাতিক স্বীকৃতি হিসাবে ২০১৪ সালে জাতিসংঘ সাউথ-সাউথ কো-অপারেশন ভিশনারি অ্যাওয়ার্ড ২০১৪; জাতিসংঘের পক্ষ হতে সাউথ সাউথ অ্যাওয়ার্ড, আইটিইউ থেকে ওয়ার্ল্ড সামিট অন ইনফর্মেশন সোসাইটি প্রাইজ-২০১৪, ওয়ার্ল্ড ইনফরমেশন টেকনোলজি এ্যান্ড সার্ভিসেস অ্যালায়েন্স (WITSA) থেকে Global ICT Excellence Award- 2014 অর্জিত হয়েছে। নানামুখী পদক্ষেপ ও আন্তরিক প্রয়াসের দরুণ তথ্য প্রযুক্তিতে বাংলাদেশের অর্জন সারা বিশ্বে আলোচিত হচ্ছে। এটি দেশের ভাবমূর্তি বৃদ্ধির পাশাপাশি বৈদেশিক বিনিয়োগের ক্ষেত্রেও ইতিবাচক ভূমিকা রাখেছে। ফলে ডিজিটাল বাংলাদেশ এখন স্বপ্ন বা বিমূর্ত প্রতীক নয় এটি একটি বাস্তবতা।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আইসিটি সংক্রান্ত প্রকল্প/কর্মসূচির সমন্বয়হীনতা; হাই-টেক পার্ক/সফটওয়্যার পার্ক স্থাপনের প্রয়োজনীয় ভূমি প্রাপ্তিতে দীর্ঘসূত্রতা। ডিজিটাল ডিভাইড দূরীকরণ এ বিভাগের অন্যতম সমস্যা। সাইবার নিরাপত্তা বিধান করা; তথ্য প্রযুক্তি জ্ঞান ভিত্তিক সমাজ বিনির্মাণ করা অন্যতম প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

এ বিভাগের ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছে ইউনিয়ন পর্যায় পর্যন্ত ব্রড ব্যান্ড কানেক্টিভিটি স্থাপন, বাংলাদেশের বিচারিক ব্যবস্থাকে ডিজিটালাইজেশনে সহায়তা প্রদান, মহাখালী আইটি ভিলেজ স্থাপন, ডিজিটাল বাংলাদেশের জন্য ই-গর্ভনেন্স মাস্টার প্ল্যান তৈরিকরণ, তথ্য নিরাপত্তার জন্য Tier-IV ডাটা সেন্টার স্থাপন এবং স্পেশালাইজড সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপন।

**২০১৫-১৬ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- উপজেলা পর্যায়ে ৩৯৮০টি দপ্তরে ব্রডব্যান্ড কানেকটিভিটি স্থাপন।
- ৩০টি জেলায় ল্যাংগুয়েজ ল্যাব প্রতিষ্ঠা।
- জেলা পর্যায়ে ১২৪০টি দপ্তরে ব্রডব্যান্ড কানেকটিভিটি স্থাপন।
- বিভিন্ন দপ্তরে ৫৯০টি ভিডিও কনফারেন্সিং সিষ্টেম স্থাপন।
- ৭০টি মাস্টার্স ও ৩০টি পিএইচডি ফেলোশিপ প্রদান।
- ১৫০০ শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন।

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

টেকসই উন্নয়নের লক্ষ্যে নিরাপদ ও গ্রহণযোগ্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়ন, গবেষণা, সফল প্রয়োগ এবং ডিজিটাল ব্যবস্থাপনা প্রসারের মাধ্যমে তথ্যপ্রযুক্তির সর্বজনীন প্রবেশাধিকার প্রতিষ্ঠা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. মানব সম্পদ উন্নয়ন
২. নির্ভরযোগ্য আইসিটি অবকাঠামো উন্নয়ন
৩. মাঠ পর্যায়ে জনসাধারণের মধ্যে আইসিটি বিষয়ে সচেতনতা বৃদ্ধি
৪. আইসিটি ভিত্তিক আইনি কাঠামো শক্তিশালীকরণ

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. জনগণের দোরগোড়ায় আইসিটি সেবা পৌঁছানোর জন্য প্রচারকার্য পরিচালনা;
২. আইসিটি বিভাগের জন্য বিভিন্ন আইন, নীতিমালা, কৌশল ইত্যাদি প্রণয়ন;
৩. আইসিটি সেবাকে ব্যবসায়িকভাবে লাভবান করার জন্য একটি গাইডলাইন (রোডম্যাপ) তৈরী করা;
৪. ই-গভর্ণমেন্ট, ই-ইনফ্রাস্ট্রাকচার বাস্তবায়নের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থাকে সহায়তা প্রদান;
৫. আইসিটি বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার মধ্যে সমন্বয় সাধন;
৬. ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের সুপারিশসমূহ বাস্তবায়ন করা;
৭. সার্ভে ডিজাইন, গবেষণা ইত্যাদির মাধ্যমে বিভিন্ন কার্যক্রম হালনাগাদ করে প্রচার করা; এবং
৮. আন্তর্জাতিক অঙ্গনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়ন সংক্রান্ত যে কোন কার্যক্রমে বাংলাদেশকে সম্পৃক্তকরণের উদ্যোগ গ্রহণ।

## সেকশন ২
## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| সরকারি অফিসসমূহের ই-গর্ভনেন্স পদ্ধতিতে তথ্য আদান প্রদানের সক্ষমতা বৃদ্ধি | ব্রড ব্যান্ড কানেক্টিভিটি | সংখ্যা | ০ | ১২৯১০ | ৫২২০ | ৫০০০ | ৫০০০ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিল্পের রপ্তানি আয় বৃদ্ধি | আয়ের পরিমাণ | টাকা | TBD | TBD | TBD | TBD | TBD | বাংলাদেশ ব্যাংক, বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| হাই-টেক পার্কের অবকাঠামো উন্নয়নের মাধ্যমে বিনিয়োগ বৃদ্ধি | উৎপাদনশীল পার্ক | সংখ্যা | TBD | TBD | TBD | TBD | TBD | বিনিয়োগ বোর্ড | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| আইটি খাতে কর্মসংস্থান সৃষ্টি | সুবিধাভোগী | সংখ্যা | TBD | TBD | TBD | TBD | TBD | সকল মন্ত্রণালয়/বিভাগ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] মানব সম্পদ উন্নয়ন | ২৫ | [১.১] আইটি সেক্টরে দক্ষ মানবসম্পদ উন্নয়ন | [১.১.১] প্রশিক্ষণ গ্রহণকারী | সংখ্যা | ৮.০০ | ১০৩৩৬ | ১১০০০ | ৩৫০০০ | ২৭০০০ | ২৫০০০ | ২৩০০০ | ২০০০০ | ২০০০০ | ২০০০০ |
| | | [১.২] ITEE পরীক্ষা গ্রহণ | [১.২.১] অংশগ্রহণকারী পরীক্ষার্থী | সংখ্যা | ৩.০০ | ৬০৯ | ৭৯৪ | ৫০০ | ৪৭৫ | ৪৬০ | ৪৫০ | ৪৪০ | ৫০০ | ৫০০ |
| | | [১.৩] আইসিটি প্রশিক্ষণে নারীর অংশগ্রহণ | [১.৩.১] অংশগ্রহণকারী | সংখ্যা | ৪.০০ | ৯০০০ | ১৪০০০ | ১৬০০০ | ১৫০০০ | ১৪০০০ | ১৩০০০ | ১২০০০ | ১০০০০ | ১০০০০ |
| | | [১.৪] আইসিটি সেক্টরে মাস্টার্স প্রোগ্রাম উৎসাহিত করতে ফেলোশীপ প্রদান | [১.৪.১] প্রদত্ত মাস্টার্স ফেলোশীপ | সংখ্যা | ২.০০ | ০ | ৭৬ | ৭০ | ৬০ | ৫০ | ৪৫ | ৪০ | ৭০ | ৬৫ |
| | | [১.৫] উদ্ভাবনী কাজে উৎসাহ প্রদানের জন্য অনুদান প্রদান | [১.৫.১] ব্যক্তি/প্রতিষ্ঠান | সংখ্যা | ৩.০০ | ০ | ২৭ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২২ | ৪০ | ৪০ |
| | | [১.৬] প্রশিক্ষণের মাধ্যমে ডিজিটাল স্বাক্ষর প্রবর্তনের সার্টিফিকেট প্রদান | [১.৬.১] প্রদানকৃত সার্টিফিকেট | সংখ্যা | ৩.০০ | ২৩০০০ | ২৫০০০ | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | ৬০০০ | ৭৫০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [১.৭] আইসিটি সেক্টরে পিএইচডি প্রোগ্রাম উৎসাহিত করতে ফেলোশীপ প্রদান | [১.৭.১] প্রদত্ত পিএইচডি ফেলোশীপ | সংখ্যা | ২.০০ | ০ | ০ | ৩০ | ২৬ | ২২ | ২০ | ১৮ | ২৫ | ২৫ |
| [২] নির্ভরযোগ্য আইসিটি অবকাঠামো উন্নয়ন | ২৩ | [২.১] জেলা পর্যায়ে ব্রডব্যান্ড কানেকটিভিটি স্থাপন | [২.১.১] সংযুক্ত দপ্তর | সংখ্যা | ৫.০০ | ০ | ২২৮০ | ১২৪০ | ১১০০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | | |
| | | [২.২] উপজেলা পর্যায়ে ব্রডব্যান্ড কানেকটিভিটি স্থাপন | [২.২.১] সংযুক্ত দপ্তর | সংখ্যা | ৫.০০ | ০ | ১০৬৩০ | ৩৯৮০ | ৩৫০০ | ৩২০০ | ৩০০০ | ২৮০০ | | |
| | | [২.৩] শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ল্যাব স্থাপন | [২.৩.১] প্রতিষ্ঠিত ল্যাব | সংখ্যা | ৩.০০ | ০ | ০ | ১৫০০ | ১৪৫০ | ১৪০০ | ১৩৫০ | ১৩০০ | | |
| | | [২.৪] ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন | [২.৪.১] স্থাপিত ভিডিও কনফারেন্সিং সিস্টেম | সংখ্যা | ৩.০০ | ০ | ২১০ | ৫৯০ | ৫০০ | ৪৫০ | ৪৩০ | ৪০০ | | |
| | | [২.৫] যশোর সফট্‌ওয়্যার টেকনোলজি পার্কের এমটিবি ভবনের ১ লক্ষ বর্গফুট নির্মাণ | [২.৫.১] নির্মিত স্পেস | বর্গফুট | ২.০০ | ০ | ৫০০০০ | ১০০০০০ | ৯০০০০ | ৮০০০০ | ৭৫০০০ | ৭০০০০ | | |
| | | [২.৬] যশোর সফট্‌ওয়্যার টেকনোলজি পার্কের ডরমেটরী ভবনের ৫০ হাজার বর্গফুট নির্মাণ | [২.৬.১] নির্মিত স্পেস | সংখ্যা | ২.০০ | ০ | ১০০০০ | ৫০০০০ | ৪৫০০০ | ৪০০০০ | ৩৭০০০ | ৩৫০০০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [২.৭] ৬৪ জেলায় ল্যাংগুয়েজ ল্যাব স্থাপন | [২.৭.১] স্থাপিত ল্যাব | সংখ্যা | ১.০০ | ০ | ০ | ৩০ | ২৫ | ২৩ | ২০ | ১৮ | | |
| | | [২.৮] কালিয়াকৈর হাইটেক পার্কের ৩নং ব্লক-এর চুক্তি সম্পাদন | [২.৮.১] চুক্তি সম্পাদিত | তারিখ | ২.০০ | | ২৮-০৬-২০১৫ | ২০-০৮-২০১৫ | ২০-০৯-২০১৫ | ২০-১০-২০১৫ | ২০-১১-২০১৫ | ২০-১২-২০১৫ | | |
| [৩] মাঠ পর্যায়ে জনসাধারণের মধ্যে আইসিটি বিষয়ে সচেতনতা বৃদ্ধি | ২০ | [৩.১] ICT Expo ২০১৬ আয়োজন | [৩.১.১] বরাদ্দকৃত স্টল | সংখ্যা | ৮.০০ | ২৩০ | ২৫০ | ২৫০ | ২৪০ | ২৩০ | ২২০ | ২০০ | ২৫০ | ২৫০ |
| | | [৩.২] জেলা ও উপজেলা পর্যায়ে ডিজিটাল মেলা আয়োজন | [৩.২.১] আয়োজিত মেলা | সংখ্যা | ৬.০০ | ৬৪ | ৪৮০ | ৪৮৮ | ৪৫০ | ৪৩৫ | ৪৩০ | ৪২০ | ৪৮০ | ৪৮০ |
| | | [৩.৩] জাতীয় পর্যায়ে আইসিটি বিষয়ক সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | [৩.৩.১] আয়োজিত সেমিনার | সংখ্যা | ৬.০০ | ০ | ২০ | ২৪ | ২০ | ১৮ | ১৫ | ১২ | ২৪ | ২৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] আইসিটি ভিত্তিক আইনি কাঠামো শক্তিশালীকরণ | ১৫ | [৪.১] সাইবার নিরাপত্তা আইন এর খসড়া প্রণয়ন | [৪.১.১] প্রণীত খসড়া আইন | তারিখ | ৫.০০ | ০ | ০ | ২৮-০২-২০১৬ | ৩১-০৩-২০১৫ | ২৯-০৪-২০১৫ | ৩১-০৫-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [৪.২] ই-সার্ভিস এ্যাক্ট প্রণয়নের লক্ষ্যে ভেটিং এর জন্য আইন মন্ত্রণালয়ে প্রেরণ। | [৪.২.১] প্রণীত খসড়া আইন | তারিখ | ৪.০০ | | | ৩১-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ২৯-০২-২০১৬ | ৩১-০৩-২০১৬ | ৩০-০৪-২০১৬ | | |
| | | [৪.৩] জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা- ২০১৫ অনুমোদনের জন্য চূড়ান্ত কপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | [৪.৩.১] প্রণীত খসড়া আইন | তারিখ | ৩.০০ | | | ৩০-১১-২০১৫ | ৩১-১২-২০১৫ | ৩১-০১-২০১৬ | ২৯-০২-২০১৬ | ৩১-০৩-২০১৬ | | |
| | | [৪.৪] গবেষণা ও উদ্ভাবনী কাজে ফেলোশীপ ও অনুদান প্রদানের নীতিমালা সংশোধন। | [৪.৪.১] প্রণীত খসড়া নীতিমালা | তারিখ | ৩.০০ | | | ৩০-১১-২০১৫ | ৩১-০১-২০১৬ | ২৯-০২-২০১৬ | ৩১-০৩-২০১৬ | ৩০-০৪-২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, মাননীয় মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২০/৯/১৫

সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

তারিখ

২০/০৯/২০১৫

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | সিসিএ | কন্ট্রোলার অব সার্টিফাইং অথরিটিজ (CCA) |
| ২ | সিইআরটি | সাইবার ইমারজেন্সী রেসপন্স টিম (CERT) |
| ৩ | বিসিসি | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (BCC) |
| ৪ | বিসিএস | বাংলাদেশ কম্পিউটার সমিতি (BCS) |
| ৫ | বিটিআরসি | বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (BTRC) |
| ৬ | বিটিসিএল | বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (BTCL) |
| ৭ | আইটিইউ | ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন (ITU) |
| ৮ | বেসিস | বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (BASIS) |
| ৯ | আইটিইই | ইনফরমেশন টেকনোলজি ইঞ্জিনিয়ার্স এক্সামিনেশন (ITEE) |
| ১০ | উইটসা | ওয়ার্ল্ড ইনফরমেশন টেকনোলজি এন্ড সার্ভিসেস এলায়েন্স (WITSA) |
| ১১ | আইটিইএস | ইনফরমেশন টেকনোলজি এনেবলড সার্ভিসেস (ITES) |
| ১২ | টিবিডি | টু বি ডেভেলপড (TBD) |
| ১৩ | সাসেক | সাউথ এশিয়া সাব রিজিওনাল কোঅপারেশন (SASEC) |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] আইটি সেক্টরে দক্ষ মানবসম্পদ উন্নয়ন | [১.১.১] প্রশিক্ষণ গ্রহণকারী | আইটি সেক্টরে বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদ উন্নয়ন করা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] ITEE পরীক্ষা গ্রহণ | [১.২.১] অংশগ্রহণকারী পরীক্ষার্থী | ITEE পরীক্ষা গ্রহণের মাধ্যমে আইটি সেক্টরের মানবসম্পদকে আর্ন্তজাতিক মানে উন্নয়ন করা | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] আইসিটি প্রশিক্ষণে নারীর অংশগ্রহণ | [১.৩.১] অংশগ্রহণকারী | আইসিটি সেক্টরে মহিলাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করে তোলা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] আইসিটি সেক্টরে মাস্টার্স প্রোগ্রাম উৎসাহিত করতে ফেলোশীপ প্রদান | [১.৪.১] প্রদত্ত মাস্টার্স ফেলোশীপ | আইটি সেক্টরে দক্ষ মানবসম্পদ উন্নয়নের জন্য মেধাবী আইটি গ্র্যাজুয়েটদের স্কলারশীপ প্রদানের মাধ্যমে সহযোগিতা করা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] উদ্ভাবনী কাজে উৎসাহ প্রদানের জন্য অনুদান প্রদান | [১.৫.১] ব্যক্তি/প্রতিষ্ঠান | আইসিটি বিষয়ক উদ্ভাবনী কাজে উৎসাহিত করার লক্ষ্যে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদান করা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৬] প্রশিক্ষণের মাধ্যমে ডিজিটাল স্বাক্ষর প্রবর্তনের সার্টিফিকেট প্রদান | [১.৬.১] প্রদানকৃত সার্টিফিকেট | তথ্য আদান প্রদানে নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সরকারি কর্মকর্তাদের প্রশিক্ষণের মাধ্যমে সার্টিফিকেট প্রদান | কন্ট্রোলার অফ সার্টিফায়িং অথরিটিজ এর কার্যালয় | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৭] আইসিটি সেক্টরে পিএইচডি প্রোগ্রাম উৎসাহিত করতে ফেলোশীপ প্রদান | [১.৭.১] প্রদত্ত পিএইচডি ফেলোশীপ | আইটি সেক্টরে দক্ষ মানবসম্পদ উন্নয়নের জন্য গবেষণামূলক কাজে মেধাবীদেরকে স্কলারশীপ প্রদানের মাধ্যমে সহযোগিতা করা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] জেলা পর্যায়ে ব্রডব্যান্ড কানেকটিভিটি স্থাপন | [২.১.১] সংযুক্ত দপ্তর | আইসিটি অবকাঠামো সৃষ্টির জন্য জেলা পর্যায়ে ২২৪০ টি অফিস উপজেলা পর্যায়ের ৩৯৮০ টি অফিসকে ব্রড ব্যান্ড কানেকটিভিটি প্রদান করা এবং ৫৯০টি ভিডিও কনফারেন্সিং চালু করার মাধ্যমে সরকারি দপ্তরসমূহকে ডিজিটালাইজেশনে সহায়তা করা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] উপজেলা পর্যায়ে ব্রডব্যান্ড কানেকটিভিটি স্থাপন | [২.২.১] সংযুক্ত দপ্তর | উপজেলা পর্যায়ের ৩৯৮০ টি অফিসকে ব্রড ব্যান্ড কানেকটিভিটি প্রদান করা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৩] শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি ল্যাব স্থাপন | [২.৩.১] প্রতিষ্ঠিত ল্যাব | সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২০০০টি কম্পিউটার ল্যাব স্থাপন করা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন | [২.৪.১] স্থাপিত ভিডিও কনফারেন্সিং সিস্টেম | ৫৯০টি ভিডিও কনফারেন্সিং চালু করার মাধ্যমে সরকারি দপ্তরসমূহকে ডিজিটালাইজেশনে সহায়তা করা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.৫] যশোর সফট্ওয়্যার টেকনোলজি পার্কের এমটিবি ভবনের ১ লক্ষ বর্গফুট নির্মাণ | [২.৫.১] নির্মিত স্পেস | যশোর সফট্ওয়্যার টেকনোলজি পার্কের এমটিবি ভবন নির্মাণ করা | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৬] যশোর সফট্ওয়্যার টেকনোলজি পার্কের ডরমেটরী ভবনের ৫০ হাজার বর্গফুট নির্মাণ | [২.৬.১] নির্মিত স্পেস | যশোর সফট্ওয়্যার টেকনোলজি পার্কের ডরমেটরী ভবন নির্মাণ করা | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৭] ৬৪ জেলায় ল্যাংগুয়েজ ল্যাব স্থাপন | [২.৭.১] স্থাপিত ল্যাব | সারাদেশে জেলা পর্যায়ে ৬৪টি ল্যাংগুয়েজ ল্যাব স্থাপন করা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৮] কালিয়াকৈর হাইটেক পার্কের ৩নং ব্লক-এর চুক্তি সম্পাদন | [২.৮.১] চুক্তি সম্পাদিত | হাইটেক পার্ক উন্নয়নের জন্য ডেভেলপারের সঙ্গে চুক্তি স্বাক্ষর | কালিকাকৈর হাইটেক পার্ক কর্তৃপক্ষ | তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] ICT Expo ২০১৬ আয়োজন | [৩.১.১] বরাদ্দকৃত স্টল | আইসিটি শিল্পকে উৎসাহী করার লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ব্যক্তিদের নিয়ে যুগোপযোগী সেমিনার/ওয়ার্কশপ আয়োজন এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণের মাধ্যমে দেশীয় বাণিজ্যকে উৎসাহীকরণ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] জেলা ও উপজেলা পর্যায়ে ডিজিটাল মেলা আয়োজন | [৩.২.১] আয়োজিত মেলা | আইসিটি সেক্টরকে উৎসাহিত করার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সেমিনার আয়োজন এবং স্কুল/কলেজ এবং স্থানীয় প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ বির্নিমানে উৎসাহ প্রদান করা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৩] জাতীয় পর্যায়ে আইসিটি বিষয়ক সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | [৩.৩.১] আয়োজিত সেমিনার | আইসিটি সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি এবং এ শিল্পের বিকাশকে ত্বরান্বিত করার লক্ষ্যে জাতীয় পর্যায়ে যুগোপযোগী সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.১] সাইবার নিরাপত্তা আইন এর খসড়া প্রণয়ন | [৪.১.১] প্রণীত খসড়া আইন | সাইবার অপরাধ রোধ করার লক্ষ্যে সাইবার নিরাপত্তা আইন এর খসড়া প্রণয়ন। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.২] ই-সার্ভিস এ্যাক্ট প্রণয়নের লক্ষ্যে ভেটিং এর জন্য আইন মন্ত্রণালয়ে প্রেরণ। | [৪.২.১] প্রণীত খসড়া আইন | ই-সার্ভিস সমূহের সঠিক এবং নিরাপদ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ই-সার্ভিস এ্যাক্ট প্রণয়ন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৩] জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা- ২০১৫ অনুমোদনের জন্য চূড়ান্ত কপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | [৪.৩.১] প্রণীত খসড়া আইন | তথ্যপ্রযুক্তির সঠিক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা- ২০১৫ অনুমোদনের জন্য চূড়ান্ত কপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৪] গবেষণা ও উদ্ভাবনী কাজে ফেলোশীপ ও অনুদান প্রদানের নীতিমালা সংশোধন। | [৪.৪.১] প্রণীত খসড়া নীতিমালা | ব্যক্তি এবং প্রতিষ্ঠানসমূহকে গবেষণা ও উদ্ভাবনী কাজে ফেলোশীপ ও অনুদান প্রদানের লক্ষ্যে নীতিমালা সংশোধন। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| বিভাগ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | সংযুক্ত দপ্তর | ব্রড ব্যান্ড কানেক্টিভিটি | জেলা-উপজেলা পর্যন্ত বিটিসিএল লাইন বিদ্যমান | ৫০% | কানেকটিভিটি স্থাপনে বিলম্ব হবে |